# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মিনায় প্রত্যাবর্তন (الرجوع إلى منى)

অতঃপর সূর্যোদয়ের পূর্বেই তিনি মুযদালেফা হ’তে মিনায় রওয়ানা হন। এ সময় ফযল বিন আববাসকে ক্বাছওয়া সওয়ারীর পিছনে বসিয়ে নেন।[1] এ সময় তিনি তালবিয়াহ পাঠ করতে থাকেন। অতঃপর তিনি ইবনু আববাসকে সাতটি কংকর কুড়িয়ে দিতে বলেন। অতঃপর সেগুলি হাতে নিয়ে ঝেড়ে ফেলে বললেন, এরূপ কংকরই তোমরা নিক্ষেপ করবে। إِيَّاكُمْ وَالْغُلُوَّ فِى الدِّينِ فَإِنَّمَا أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمُ الْغُلُوُّ فِى الدِّينِ ‘ধর্মের ব্যাপারে তোমরা বাড়াবাড়ি করো না। কেননা তোমাদের পূর্বের লোকেরা ধর্মের ব্যাপারে বাড়াবাড়ি করে ধ্বংস হয়েছে’।[2] মিনায় আসার পথে ওয়াদীয়ে মুহাসসিরে(وَادِي مُحَسِّر) সামান্য দ্রুত চলেন। অতঃপর মধ্যবর্তী পথ ধরে জামরায়ে কুবরায় পৌঁছে যান, যেখানে একটি বৃক্ষ ছিল। অতঃপর সেখানে সওয়ারীতে বসে ৭টি কংকর নিক্ষেপ করেন। প্রতিটি কংকর নিক্ষেপের সময় ‘আল্লাহু আকবর’ বলেন। কংকরগুলি ছিল এমন ছোট যা দু’আঙ্গুলে চিমটি দিয়ে ধরা যায়(مِثْلُ حَصَى الْخَذْفِ) এসময় তিনি তালবিয়াহ পাঠ বন্ধ রাখেন। বেলাল ও ওসামা দু’জনের একজন তাঁর উটনীর লাগাম ধরে রাখেন। অন্যজন কাপড় দিয়ে তাঁকে ছায়া করেন’। অতঃপর তারা কংকর নিক্ষেপ করেন।[3] এতে প্রমাণিত হয় যে, মুহরিম ব্যক্তি গরম থেকে বাঁচার জন্য মাথার উপর ছায়া করতে পারেন (যাদুল মা‘আদ ২/২৩৭)।

ফুটনোট

[1]. মুসলিম হা/১২১৮ (১৪৭); ইবনু মাজাহ হা/৩০৭৪; মিশকাত হা/২৫৫৫।

[2]. ইবনু মাজাহ হা/৩০২৯; আহমাদ হা/৩২৪৮; ছহীহাহ হা/১২৮৩।

[3]. মুসলিম হা/১২৯৮ (৩১২); আহমাদ হা/২৭৩০০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5723

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন